উপজেলা পরিষদ কার্যালয়
রামু, কক্সবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সোহেল সরওয়ার কাজল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

তারিখ : ২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রি., বৃহস্পতিবার, সময় : সকাল ১০.৩০ টা

সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কোভিড- ১৯ মোকাবেলায় সকলকে সরকারি নির্দেশনা মোতাবেক সামাজিক দূরত্ব বজায় রেখে চলাচলের জন্য অনুরোধ জানান। সভায় উপজেলা নির্বাহী অফিসার মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপনে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতার অনুরোধ জানান। অতঃপর সভায় বিগত ৩০ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত মাসের সভার কার্যবিবরণীতে কোন আপত্তি না থাকায় সভায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে বিভিন্ন বিভাগের কার্যক্রমের উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | (ক) সভায় সভাপতি জানান, সড়কসমূহ বীর মুক্তিযোদ্ধা ব্যতীত নামকরণ না করার বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। কিন্তু অত্র উপজেলার অনেক স্থানে জীবিত মানুষের নামে রাস্তা নামকরণ করা হচ্ছে। তিনি এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি বিভিন্ন এলাকায় নির্মিত সড়কসমূহ নামকরণের বিষয়ে সরকার কর্তৃক প্রনীত নীতিমালা অনুসরণ করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন।<br>(খ) সভায় উপজেলা প্রকৌশলী ইউনিয়নসমূহে যেসকল রাস্তার আইডি নেই সেকল রাস্তার আইডি প্রদানপূর্বক তা ইউনিয়ন পরিষদের মাসিক সভায় অনুমোদন করে সভার কার্যবিবরণীসহ উপজেলা প্রকৌশলী, রামু'র কার্যালয়ে দাখিলের অনুরোধ জানান। সভায় চেয়ারম্যান, গর্জনিয়া এবং কাউয়ারখোপ ইউপি জানান, গর্জনিয়া-কাউয়ারখোপ সড়কটি বাস্তবায়ন খুবই জরুরী। সড়কের যে অংশটি বনবিভাগের জায়গার উপর পড়েছে তা অনুমোদনের জন্য বন বিভাগকে পত্র প্রেরণ করা যেতে পারে। চেয়ারম্যান, দক্ষিণ মিঠাছড়ি ইউপি জানান, দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়ন পরিষদ ভবনটি খুবই জরাজীর্ণ। নতুন ভবন নির্মাণের নিমিত্ত উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। ভাইস চেয়ারম্যান (মহিলা) জানান, রাজারকুল ইউনিয়নের শিকলঘাট ব্রীজটি সরু হওয়ার কারণে উক্ত ব্রীজের দুই পাশে যানজট লেগেই থাকে। সভায় চেয়ারম্যান, রাজারকুল ইউপি শিকলঘাট ব্রীজের যানজট কমানোর জন্য বিকল্প রাস্তা সংস্কারের অনুরোধ জানান।<br>স্ব-স্ব ইউপি চেয়ারম্যান রাস্তার আইডিসমূহ সভার কার্যবিবরণীসহ উপজেলা প্রকৌশলীর দপ্তরে আগামী সভার পূর্বে দাখিল করবেন। উপজেলা প্রকৌশলী গর্জনিয়া-কাউয়ারখোপ সড়কটির অনাপত্তির জন্য বনবিভাগে পত্র প্রেরণ করবেন।<br>(গ) সভায় উপজেলা প্রকৌশলী জানান, অত্র দপ্তরের আওতায় দরপত্র বিজ্ঞপ্তি নং ০১/২০২১-২০২২ উন্নয়ন তহবিল ও ০২/২০২১-২২ এডিপি খাতের আওতায় আহ্বানকৃত প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। তবে কয়েকটি প্রকল্পের কাজ ঠিকাদার বাস্তবায়ন না করে বন্ধ রাখায় ঠিকাদারকে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য তাগিদ প্রদান করা হয়েছে। সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।<br>প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করার নিমিত্ত উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(ঘ) সভায় উপজেলা প্রকৌশলী জানান, ২০২১-২০২২ অর্থ বছরে উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সংযুক্ত তালিকার প্রকল্পসমূহ জনগুরুত্বপূর্ণ বিবেচনায় বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে দাখিলকৃত প্রকল্পসমূহ সরেজমিনে যাচাই বাছাই করে সভায় উপস্থাপন করা হয়। সভায় তা যাচাই বাছাই করে অনুমোদন দেয়া হয় (তালিকা সংযুক্ত)।<br>সংযুক্ত তালিকার প্রকল্পসমূহ প্রাক্কলনসহ অনুমোদন দেয়া হয়। প্রকল্প তালিকার ধরণ অনুযায়ী বাস্তবায়ন সংক্রান্ত পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করবেন। | ০১। চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার।<br>০২। উপজেলা প্রকৌশলী, রামু, কক্সবাজার |
| ০২. | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, আগামী ২৬/০২/২০২২ খ্রি. তারিখ সারাদেশে একযোগে এককোটি মানুষকে করোনা টিকা দেয়ার বৃহৎ পরিকল্পনা সরকার কর্তৃক নেয়া হয়েছে। তিনি উক্ত পরিকল্পনাকে সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। মোবাইলে এসএমএস এর ভিত্তিতে করোনা ভাইরাসের বুস্টার ডোজ দেয়া হচ্ছে। অত্র উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ১২ হতে ১৮ বছর পর্যন্ত বয়সী ছাত্র-ছাত্রীদের করোনা ভাইরাসের টিকার ২য় ডোজ সম্পন্ন হয়েছে। এসএমএস এর মাধ্যমে জনগণকে করোনা টীকার সময় জানিয়ে দেয়া হচ্ছে। করোনা রোগীদের সেবায় রামু করোনা ডেডিকেটেড হাসপাতালে ১০০০ লিটারের সেন্ট্রাল অক্সিজেন প্লান্ট প্রস্তুত রাখা হয়েছে। আইসোলেশন সেন্টারে ডাক্তার ও নার্স প্রস্তুত রয়েছে। তিনি জনগণকে করোনা ভাইরাস সম্পর্কে সচেতন করার জন্য ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সরকারি নির্দেশনা ২৬/০২/২০২২ খ্রি. তারিখে সারাদেশে একযোগে এককোটি মানুষকে টিকা দেয়ার বৃহৎ পরিকল্পনাকে সফল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। করোনা ভাইরাস প্রতিরোধের জন্য জনসচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধি করবেন এবং করোনা রোগীদের চিকিৎসার জন্য আইসোলেশন সেন্টার প্রস্তুত রাখবেন ও কমিউনিটি হেলথ ক্লিনিকে রোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করবেন। | ১। চেয়ারম্যান/সচিব (সকল), ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বোরো আবাদ ১০০% সম্পন্ন। বর্তমানে সারের কোন সংকট নেই। সার ডিলারদের মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। যেসকল ওয়ার্ডে সার ডিলার শূণ্য রয়েছে | ০১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৪. | প্রাণি সম্পদ বিভাগ | প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, চলতি মাসে ৭৭০ টি গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে, ৩৯০০০টি হাঁস-মুরগির টীকা প্রদান করা হয়েছে, ২০৮৬টি গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে এবং ২৯২ টি গাভীকে কৃত্রিম প্রজনন চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। গত ১৬/০২/২০২২ খ্রি. এলজিডিসি প্রকল্পের আওতায় গবাদি পশু ও হাঁস-মুরগীর প্রদর্শনী মেলা অনুষ্ঠিত হয়েছে। এতে খামারীগণ গবাদি পশু, হাঁস-মুরগী ও পাখি প্রদর্শন করেছেন।<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা গবাদি পশু এবং হাঁস-মুরগীর চিকিৎসা সেবা সুষ্ঠুভাবে প্রদান করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৫. | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তার জানান, গত ০১ নভেম্বর ২০২১ হতে ৩০ জুন ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ০৮ মাস জাটকা সংরক্ষণ কর্তক্রম চলমান রয়েছে। উক্ত কার্যক্রমের অংশ হিসেবে হিমছড়ি ও রেজুখাল মোহনায় নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। উপজেলা মৎস্য দপ্তর ও কোস্টগার্ড যৌথভাবে ০৪ ধাপে বিশেষ কম্বিং অপারেশন ২০২২ সম্পন্ন করা হয়েছে। -মৎস্য ও চিংড়ি খামার/পুকুর চাষীদের মৎস্য খামারের নিয়মিত মাটি ও পানি পরীক্ষাসহ মাছ রোগাক্রান্ত হলে প্রতিরোধের বিষয়ে সহযোগিতা প্রদান করা হচ্ছে।<br>উপজেলা মৎস্য কর্মকর্তা জাটকা সংরক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন এবং নিয়মিত বাজার পরিদর্শনপূর্বক আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৬. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, অত্র উপজেলায় শীঘ্রই টিসিবি কার্যক্রম শুরু হবে। তিনি এব্যাপারে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। ১ম পর্যায়ের টিআর/কাবিখার কাজ চলমান। ২য় পর্যায়ের প্রকল্প তালিকা অনুমোদনের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। রামু উপজেলায় অতিদ্ররিদ্রদের জন্য কর্মসূচির (ইজিপিপি+) আওতায় ১ম পর্যায়ের কাজ ১০০% শেষ হয়েছে। এছাড়া এইচ বি বি প্রকল্পের কাজ চলমান রয়েছে।<br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ টিসিবি কার্যক্রমে সহায়তা প্রদান করবেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা টিআর/কাবিখার ২য় পর্যায়ের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন এবং অতিদ্ররিদ্রদের জন্য কর্মসূচির (ইজিপিপি+) আওতায় উপকারভোগীদের টাকা সরকারি নির্দেশনা মোতাবেক পরিশোধ করবেন। | ০১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, রামু<br>০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৭. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি। আগামী সভা হতে নিয়মিত উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৮. | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, চলতি মাসে গর্ভবতীর সংখ্যা ২৫১জন, মোট গর্ভবতী ১৩৫৮ জন। ৩১৭ জনকে প্রসব সেবা প্রদান করা হয়েছে। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৩৮২১৬ জন। মাঠ পর্যায়ে সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। উপজেলায় পরিবার পরিকল্পনা গ্রহণকারীর হার ৮১.৫৯%।<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নিয়মিত ক্লিনিকসমূহ পরিদর্শন করে অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৯. | মহিলা বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০২১-২০২২ অর্থবছরের ভিজিডি ও মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রম চলমান। তিনি ভিজিডি'র চাল নির্দিষ্ট সময়ে উত্তোলনের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। কিশোর-কিশোরী ক্লাব এর কার্যক্রম এবং আইজিএ প্রশিক্ষণ চলমান রয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আইজিএ প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন এবং বিভিন্ন ভাতা প্রদানের বিষয়ে নিয়মিত সভা আহ্বান করবেন। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ নির্দিষ্ট সময়ে ভিজিডি'র চাল উত্তোলন করবেন। | ০১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, রামু<br>০২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১০. | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, এলাকা ভিত্তিক যুব উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান। ০২টি যৌতুক বিরোধী সভা অনুষ্ঠিত হয়েছে। যুব ঋণ গ্রহীতার সংখ্যা ৭৬৪ জন। অত্র উপজেলায় ২৪টি নিবন্ধিত যুব সংগঠন রয়েছে। চলতি মাসে ঋণ আদায়ের হার ৯৬%। পরিবার ভিত্তিক ঋণ গ্রহীতার সংখ্যা ৫১৩ জন। ঋণ আদায়ের হার ১০০%। সভাপতি ঋণ আদায়ের হার বৃদ্ধির জন্য অনুরোধ জানান।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিতরণকৃত ঋণ আদায় কার্যক্রম ১০০% নিশ্চিত করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১১. | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান, রশিদ নগর পাহাড়িকা আবাসন প্রকল্পের ঘর দখল হয়ে যাচ্ছে। রাজারকুল আশ্রয়ণ প্রকল্পের ঘরসমূহে টিন নষ্ট হয়ে পড়েছে। তিনি এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। আশ্রয়ণ/আবাসন প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি ঋণ আদায় ১০০% নিশ্চিতের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>উপজেলা সমবায় কর্মকর্তা ঋণ আদায়ের হার ১০০% নিশ্চিত করবেন। আশ্রয়ণ/আবাসন প্রকল্পসমূহের ঘর অবৈধ দখল হতে উদ্ধার এবং ঘরের নষ্ট টিন মেরামতে উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ০১। উপজেলা সমবায় কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার |
| ১২. | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি। আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, রামু, |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১৩. | মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, বিদ্যালয়ে পাঠদান চলমান। অত্র উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ১২ হতে ১৮ বছর পর্যন্ত বয়সী ছাত্র-ছাত্রীদের করোনার টিকার ২য় ডোজ দেয়া সম্পন্ন হয়েছে। তিনি এবিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ধন্যবাদ জানান। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১৪. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, ২০২১-২০২২ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৬টি নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে। সাইট সিলেকশন প্রক্রিয়াধীন। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘরে অগ্রাধিকার ভিত্তিতে ৪৬টি পানির উৎস/নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে এবং ২৮টি নলকূপের কাজ চলমান রয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ০১টি রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম বরাদ্দ পাওয়া গিয়েছে। উপজেলা নির্বাহী অফিসার রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কমটি উপজেলা পরিষদের অভ্যন্তরে ৬/৭ শতাংশ জায়গায় স্থাপনপূর্বক উপজেলা পরিষদ ও আশেপাশের এলাকায় পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থগ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় উপস্থিত সকলে এবিষয়ে একমত পোষণ করেন। উপজেলা সমবায় কর্মকর্তা জানান, অত্র উপজেলার আশ্রয়ণ প্রকল্পে ল্যাট্রিন নেই। অনেক জায়গার গভীর নলকূপ নষ্ট হয়ে গিয়েছে। তিনি এব্যাপারে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রামু'র সহযোগিতা কামনা করেন।<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বরাদ্দ প্রাপ্ত নলকূপসমূহ সঠিকভাবে বাস্তবায়ন করবেন। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘরে অগ্রাধিকার ভিত্তিতে ২৮টি নলকূপের কাজ দ্রুত সম্পন্ন করবেন। আশ্রয়ণ এবং আবাসন প্রকল্পের ল্যাট্রিন ও নলকূপ মেরামতে উপজেলা সমবায় কর্মকর্তার সাথে সমন্বয় করবেন। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রামু, কক্সবাজার |
| ১৫. | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, বিভিন্ন ইউনিয়নে অস্ত্রবিহীন গ্রাম ভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান। উক্ত প্রশিক্ষণে গ্রামীণ আইন-শৃংখলা রক্ষা, চোরা চালান দমন, মাদক দ্রব্য সেবন ও অপব্যবহার প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হচ্ছে। আইন-শৃংখলা রক্ষায় আনসার সদস্যগণ প্রশাসনকে সহযোগিতা প্রদান করছেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন এবং অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করবেন। | আনসার ও ভিডিপি কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১৬. | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা জানান, বর্তমানে অত্র উপজেলায় খাদ্যের কোন সংকট নেই। খাদ্য গুদামে পর্যাপ্ত খাদ্য মজুদ রয়েছে। চাল বিতরণের সময় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অবহিত করার জন্য ডিলারদের প্রয়োজনীয় নির্দেশ প্রদান করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার টিসিবি কার্ডসমূহ সঠিকভাবে বিতরণের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা মনিটরিং এর বিষয়ে আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন এবং স্ব-স্ব ইউপি চেয়ারম্যানগণ খাদ্য বান্ধব কর্মসূচি সফল করার বিষয়ে সহযোগিতা প্রদান করবেন এবং টিসিবি কার্ডসমূহ সঠিকভাবে বিতরণ করবেন। | ০১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, রামু<br>০২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্য গুদাম, রামু, |
| ১৭. | বন বিভাগ | সভায় রেঞ্জ কর্মকর্তা, জোয়ারিয়ানালা জানান, কক্সবাজার উত্তর বন বিভাগের রামু উপজেলার বিভিন্ন রেঞ্জের বনভূমি অবৈধভাবে জবরদখল হতে উদ্ধার করা প্রয়োজন। বৃক্ষরোপনে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২০ এর আবেদন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। অবৈধ কাঠ পাচাররোধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে মর্মে সভায় জানান।<br>রেঞ্জ কর্মকর্তাগণ অবৈধভাবে জবরদখল হওয়া বনভূমি উদ্ধারে সহকারী কমিশনার (ভূমি), রামু'র সহযোগিতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কাঠ পাচার রোধে অভিযান অব্যাহত রাখবেন এবং পাহাড় কর্তনরোধে জনসাধারণকে সচেতন করবেন। বৃক্ষরোপনে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২০ এর আবেদনের বিষয়ে রেঞ্জ কর্মকর্তাগণ ইউপি চেয়ারম্যানদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। | ০১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, রামু<br>০২। সকল রেঞ্জ কর্মকর্তা/ বিট কর্মকর্তা, রামু |
| ১৮ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি। আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১৯. | আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প জানান, চলতি মাসে ২০৫টি প্রকল্প পরিদর্শন করা হয়েছে এবং ২৪৫টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ৭৮,৯৫,০০০/- সঞ্চয় আদায় করা হয়েছে। ৮৪,৫৫,২০০/- ঋণ আদায় করা হয়েছে। খেলাপী ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট মামলা রুজু কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি মাঠ পর্যায়ে ঋণ আদায়ের হার ১০০% নিশ্চিত করার জন্য অনুরোধ জানান।<br>সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার নিয়মিত প্রকল্প পরিদর্শন করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার, রামু, কক্সবাজার |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২০ | তথ্য আপা প্রকল্প সংক্রান্ত | সভায় উপজেলা তথ্য সেবা কর্মকর্তার প্রতিনিধি জানান, চলতি মাসে ৮৫৩ জনকে ডুর টু ডুর সেবা প্রদান করা হয়েছে। নিয়মিত উঠান বৈঠকের মাধ্যমে জনগণকে বাল্যবিয়ে নিয়ে সচেতন করা হচ্ছে। তথ্যকেন্দ্রে আগত মহিলাদের ডায়বেটিস, রক্তচাপ, ওজন, জ্বর ও উচ্চতা মাপা হচ্ছে এবং উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কার্যক্রম/সুযোগ সুবিধা সম্পর্কে জনসাধারণকে তথ্য প্রদান করা হচ্ছে। সভায় ভাইস চেয়ারম্যান (মহিলা) তথ্য আপার প্রকল্পের অধীনে বাল্য বিবাহসহ অন্যান্য কার্যক্রমে উপজেলা নারী উন্নয়ন ফোরামকে অবহিত করার জন্য অনুরোধ জানান।<br>তথ্য আপা কর্মকর্তা অত্র উপজেলার মহিলাদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে সেবা প্রদান ও তথ্য প্রযুক্তি সংক্রান্ত সরকারি হেল্প লাইন সেবা সম্পর্কে মহিলাদের অবগত করবেন আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। বাল্য বিবাহসহ অন্যান্য কার্যক্রমে উপজেলা নারী উন্নয়ন ফোরামকে অবহিত করবেন। | ০১। তথ্য সেবা কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>০২। সভাপতি, নারী উন্নয়ন ফোরাম, রামু, কক্সবাজার |
| ২১. | বিদ্যুৎ বিভাগ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি জানান, ৪০০০ এর কাছাকাছি প্রি-পেইড সংযোগ দেয়া হয়েছে। জনসাধারণকে প্রি-পেইড মিটারের জন্য উদ্ভোদ্ধ করা হচ্ছে। অবৈধ বিদ্যুৎ সংযোগ কর্তন অব্যাহত রয়েছে। সভায় রেঞ্জ কর্মকর্তা জোয়ারিয়ানালা অবৈধ করাত কলসমূহের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ)-কে অনুরোধ জানান। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ জানান, বর্তমানে লোডশেডিং বৃদ্ধি পাওয়ার কারণে জনসাধারণকে ভোগান্তিতে পড়তে হচ্ছে। সভায় উপস্থিত সকলে লোডশেডিং বন্ধের জন্য আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ)-কে অনুরোধ জানান।<br>আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) অবৈধ করাত কলসমূহের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করবেন এবং লোডশেডিং বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), রামু |
| ২২. | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি।<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ২৩. | নির্বাচন অফিস | সভায় উপজেলা নির্বাচন কর্মকর্তা অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি। আগামী সভা হতে নিয়মিত উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।<br>উপজেলা নির্বাচন কর্মকর্তা আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ২৪. | রাবার বাগান | ব্যবস্থাপক, রাবার বাগান জানান, রাবার উৎপাদন অব্যাহত রয়েছে। রাবার বাগানের অভ্যন্তরে স্থানীয় ইউনিয়ন পরিষদ কর্তৃক চলাচলের রাস্তা নির্মাণ করা হলে রাবার বাগানের অবৈধ দখল বৃদ্ধি পাবে মর্মে সভায় জানান। সভাপতি রাবার বাগানের জমি অবৈধভাবে কেউ যাতে দখল করতে না পারে সেব্যাপারে সজাগ থাকার জন্য অনুরোধ জানান।<br>ব্যবস্থাপক, রাবার বাগান রাবার উৎপাদন অব্যাহত রাখবেন এবং রাবার বাগানের জমি যাতে কেউ অবৈধভাবে দখল করতে না পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখবেন। | ব্যবস্থাপক, রাবার বাগান, রামু, কক্সবাজার |
| ২৫ | বিএডিসি (সেচ) এবং বিএডিসি (বীজ) | উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) কর্মকর্তা অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি। আগামী সভায় নিয়মিত উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।<br>বিএডিসি (সেচ) কর্মকর্তা আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন এবং উপজেলা কৃষি কর্মকর্তা ও উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) স্কীম ম্যানেজারদের মনিটরিং করবেন। | বিএডিসি (বীজ) এবং বিএডিসি (সেচ) কর্মকর্তা, রামু |
| ২৬ | মানব পাচার সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার জানান, বিভিন্ন অবৈধ উপায়ে বিদেশে প্রবেশ করার ফলে আটকে পড়া বাংলাদেশী লোকদের পাসপোর্ট করা এবং দেশে ফেরত আনার বিষয়ে অত্র কার্যালয়ে আবেদন গ্রহণ করা হয়। তিনি আটকে পড়া ব্যক্তির তথ্য সঠিকভাবে যাচাইপূর্বক প্রয়োজনীয় তথ্যাদিসহ প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ, জাতীয়তা সনদ, জন্মসনদ, ওয়ারিশ সনদ এবং এলাকায় বসবাসরত জমি সংক্রান্ত তথ্যাদি ও আবেদনকারীর বিষয়ে সঠিক তথ্যাদি সন্নিবেশিত করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানান। প্রাপ্ত প্রতিবেদনের আলোকে আবেদনসমূহ জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করা হয় মর্মে সভায় অবহিত করেন।<br>স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউপি/সচিবগণ অনলাইনে জন্মনিবন্ধন ও অন্যান্য কাগজপত্র যাচাই এবং ইউপি সদস্য/সদস্যা ও দফাদার মহল্লাদারদের মাধ্যমে সঠিক তথ্য সরেজমিনে যাচাইপূর্বক এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান/সচিব, ইউনিয়ন পরিষদ (সকল), রামু, কক্সবাজার |
| ২৭ | পানি উন্নয়ন বোর্ড সংক্রান্ত | সভায় পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি।<br>পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | প্রতিনিধি, পানি উন্নয়ন বোর্ড, কক্সবাজার |
| ২৮ | সড়ক ও জনপথ বিভাগ এবং সড়ক | সভায় সড়ক ও জনপদ বিভাগের প্রতিনিধি উপস্থিত না থাকায় অগ্রগতি জানা যায়নি। সভায় উপজেলা নির্বাহী অফিসার জাতীয় মহাসড়ককে নিরাপদ রাখার জন্য স্ব-স্ব ইউনিয়ন পরিষদ [illegible] | ০১। প্রতিনিধি, সড়ক ও জনপথ বিভাগ<br>০২। চেয়ারম্যান, সকল |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২৯ | পল্লী বিদ্যুৎ সংক্রান্ত | পল্লী বিদ্যুতের প্রতিনিধি জানান, নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান অব্যাহত রয়েছে। অত্র উপজেলাকে শতভাগ বিদ্যুতায়নের আওতায় আনার কার্যক্রম সম্পন্ন হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br>জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | জেনারেল ম্যানেজার, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি |
| ৩০ | **বিবিধঃ** উপজেলা পরিষদের স্থায়ী কমিটির কার্যক্রম সংক্রান্ত | সভায় উপস্থিত ভাইস চেয়ারম্যানদ্বয় জানান, স্থায়ী কমিটির সভা নিয়মিত আহ্বান করা হচ্ছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার স্ব-স্ব বিভাগের প্রধানগণকে স্থায়ী কমিটির সভা আহ্বানের পর ০৭ দিনের মধ্যে সভার কার্যবিবরণী দাখিলের জন্য অনুরোধ জানান।<br>ইউডিএফ, ইজিডিপি প্রজেক্ট এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | ১। ইউডিএফ, ইজিডিপি প্রজেক্ট, রামু<br>২। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রামু, |
| ৩১ | ফায়ার বিগ্রেড সংক্রান্ত | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিসের জানান, বিগত ১৬/১১/২০২১ খ্রি. তারিখ সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (স্টেশন স্থাপন) নীতিমালা ২০২১ প্রণয়ন করা হয়েছে। নীতিমালার আলোকে সকল "সি" শ্রেণির ফায়ার ষ্টেশনকে পর্যায়ক্রমে "বি" শ্রেণিতে উন্নীত করে লোকবল বৃদ্ধির কথা উল্লেখ করা হয়েছে। গুরুত্ব বিবেচনা করে রামু ফায়ার সার্ভিস ষ্টেশনকে "বি" শ্রেণিতে উন্নীতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত মাননীয় জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে। সভায় এব্যাপারে একমত পোষণ করা হয়। তিনি আরও জানান, দূর্যোগ মোকাবেলার জন্য ফায়ার বিগ্রেড সর্বদা প্রস্তুত রয়েছে। চেয়ারম্যান, জোয়ারিয়ানালা ইউনিয়ন পরিষদ জোয়ারিয়ানালা ইউনিয়নে অগ্নিকান্ড নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেন এবং ধন্যবাদ জানান।<br>লীডার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সার্বক্ষণিক ফায়ার সার্ভিসের গাড়ি প্রস্তুত রাখবেন। "সি" শ্রেণির ফায়ার সার্ভিস ষ্টেশনকে পর্যায়ক্রমে "বি" শ্রেণিতে উন্নীত করার বিষয়ে মাননীয় জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ০১। লীডার, ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স, রামু |
| ৩২ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, রামু, কক্সবাজার বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২টি আরসিসি ড্রেইন নির্মাণ কাজ চলমান রয়েছে এবং ১৬০ জোড়া হাই বেঞ্চ ও লো-বেঞ্চ ০৯টি বিদ্যালয়ে প্রদান করা হয়েছে। ০৯টি বিদ্যালয়ে প্রদানকৃত হাই বেঞ্চ ও লো-বেঞ্চ সন্তোষজনক। ঠিকারদার (মেসার্স ইউনুস কনস্ট্রাকসন, রামু, কক্সবাজার) কর্তৃক বিল পরিশোধের জন্য আবেদন করেছেন। হাই বেঞ্চ ও লো-বেঞ্চ সন্তোষজনক হওয়ায় ঠিকাদারের বিল পরিশোধ করা যেতে পারে। সভায় এব্যাপারে একমত পোষণ করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ০১। সংশ্লিষ্ট দপ্তর প্রধান, রামু, কক্সবাজার<br>০২। ইউডিএফ, রামু, কক্সবাজার |
| ৩৩ | ওয়েব পোর্টাল সচল রাখা সংক্রান্ত আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জানান, অত্র উপজেলায় ইউজিডিপি প্রজেক্ট এর আওতায় বরাদ্ধ প্রাপ্তির ক্ষেত্রে উপজেলার দপ্তরসমূহের ওয়েবপোর্টালসমূহ হালনাগাদ রাখা জরুরী। অন্যথায় মূল্যায়ন সূচকে অত্র উপজেলার নাম্বার প্রাপ্তির ক্ষেত্রে পিছিয়ে পড়ার সম্ভাবনা আছে। মূল্যায়ন সূচকে রামু উপজেলাকে এগিয়ে রাখার জন্য ওয়েব পোর্টাল হালনাগাদকরণ খুবই জরুরী। তিনি স্ব-স্ব দপ্তর প্রধান এবং ইউপি সচিবগণকে ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদসমূহের চিঠিপত্র উপজেলা নির্বাহী অফিসের ই-মেইল (unoramu@mopa.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ জানান।<br>স্ব-স্ব দপ্তর প্রধানগণ এবং ইউপি সচিব/উদ্যোক্তাগণ ওয়েবপোর্টাল হালনাগাদ করবেন। উদ্যোক্তাগণ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ই-মেইলে (unoramu@mopa.gov.bd) প্রতিমাসের ১৫ তারিখ (পাক্ষিক) ও ৩০ তারিখ (মাসিক) আদায় বিবরনী সহকারী প্রোগ্রামার, রামু এর নিকট প্রেরণ করবেন। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সকল জরুরী চিঠিপত্র/বিজ্ঞপ্তি ই-মেইলে ইউনিয়ন পরিষদে প্রেরণ/গ্রহণ করবেন এবং খোলা জানালায় প্রতিদিনের প্রাপ্ত চিঠিপত্রাদি উপজেলা নির্বাহী অফিসারের নিকট দৈনিক প্রতিবেদন উপস্থাপন করবেন। সকল দপ্তর প্রধানগণ এবং সহকারী প্রোগ্রামার, রামু, ই-ফাইলিংয়ের মাধ্যমে দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান করবেন। | ১। উদ্যোক্তা, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>২। সহকারী প্রোগ্রামার/তথ্য কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>৩। উপজেলা সকল কর্মকর্তা, রামু |
| ৩৪ | রামু উপজেলার হাটবাজার সংক্রন্ত আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জানান, ১৪২৯ বাংলা সনে রামু উপজেলাধীন ১৫টি হাট বাজারের ইজারার বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়েছে। আগামী ০৯/০৩/২০২২ খ্রি. তারিখ ১ম দফা সিডিউল জমা দেয়ার শেষ তারিখ। বর্তমানে শিডিউল বিক্রি কার্যক্রম চলমান রয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার ১৪২৯ বাংলা সনে হাট বাজার ইজারা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন। | ১। সহকারী কমিশনার (ভূমি), রামু, কক্সবাজার<br>২। উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার |
| ৩৫ | উপজেলা পরিষদের রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ | উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে সকল দপ্তরের দিবা-রাত্রিকালীন নিরাপত্তা জোরদারের প্রয়োজন রয়েছে। অফিস প্রধানদেরকে স্ব-স্ব দপ্তরে কর্মরত সকল নিরাপত্তাপ্রহরী, অফিস গার্ড ও অফিস সহায়কদেরকে যৌথভাবে উপজেলা পরিষদে দিবা-রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য তিনি অনুরোধ জানান।<br>স্ব-স্ব অফিস/দপ্তরের প্রধানগণ যৌথভাবে রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করবেন। অফিসার ইনচার্জ, রামু থানা উপজেলা পরিষদের নিরাপত্তা টহল জোরদার করবেন। | ১। উপজেলার সকল কর্মকর্তা, রামু<br>২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রামু<br>৩। অফিসার ইনচার্জ, রামু থানা |
| ৩৬ | নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সংক্রান্ত | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান, খাদ্যে ভেজাল ও দূষণ রোধকল্পে মাঠ পর্যায়ের কর্মকর্তাদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার খাবারে ভেজাল ও দূষণ রোধকল্পে মাঠ পর্যায়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলা কৃষি কর্মকর্তা এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তার সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্য গুদাম, রামু, কক্সবাজার<br>২। উপজেলা কৃষি |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩৭ | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ | উপজেলা নির্বাহী অফিসার জানান, আসন্ন পবিত্র রমজান মাসকে সামনে রেখে অসাধু ব্যবসায়ীয়া যাতে নিত্য প্রয়োজনীয় পণ্যসহ অন্যান্য পণ্যের দাম অন্যায়ভাবে বৃদ্ধি করতে না পারে সেজন্য হাট-বাজারে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধি রোধে এবং অনুমোদনহীন খাদ্য দ্রব্য বিক্রি বন্ধ করার জন্য ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের আওতায় নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।<br>সহকারী কমিশনার (ভূমি), রামু দ্রব্য মূল্য বৃদ্ধি রোধে এবং মানহীন খাদ্য দ্রব্য বিক্রি বন্ধের নিমিত্ত নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করবেন এবং সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কক্সবাজার এবিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | ১। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কক্সবাজার<br>২। সহকারী কমিশনার (ভূমি), রামু, কক্সবাজার |
| ৩৮ | ইউনিয়ন পরিষদে ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা অনুষ্ঠান | সভায় উপজেলা নির্বাহী অফিসার স্ব-স্ব ইউনিয়ন পরিষদের মাসিক সমন্বয় সভায় স্বাস্থ্য, শিক্ষা, স্যানিটেশন, দূর্যোগ ব্যবস্থাপনাসহ শিশুদের জন্য স্বাস্থ্য সেবা এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে করণীয় সম্পর্কে ও সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়ে প্রচার অভিযানকে এজেন্ডা হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান, এবিষয়ে কার্যক্রম চলমান।<br>স্ব-স্ব ইউপি চেয়ারম্যানগণ ইউনিয়ন পরিষদের মাসিক সমন্বয় সভায় শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, দূর্যোগ ব্যবস্থাপনাসহ শিশুদের জন্য স্বাস্থ্য সেবা এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে করণীয় সম্পর্কে প্রচার অভিযান এজেন্ডা হিসাবে অন্তর্ভূক্ত করবেন। | ১। সংশ্লিষ্ট কমিটি<br>২। চেয়ারম্যান/সচিব, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার। |
| ৩৯ | পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কার্যক্রম সংক্রান্ত আলোচনা | সভায় উপজেলা প্রকৌশলী জানান, মুজিববর্ষ উপলক্ষে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর" কার্যক্রমে সকল দপ্তর এবং জনগণকে সম্পৃক্ত করে যথাসম্ভব বিদ্যমান সম্পদ ও সুবিধাসমূহের সর্বোচ্চ ব্যবহার ও সুষ্ঠু সমন্বয়ের মাধ্যমে এ কার্যক্রমটি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ জানান, এবিষয়ে ০১টি ওয়ার্ডকে চিহ্নিত করে প্রস্তুতি গ্রহণের নির্দেশনার আলোকে উপজেলা প্রকৌশলীর সাথে আলোচনা করে এবিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br>সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ০১। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>০২। উপজেলা প্রকৌশলী, রামু, কক্সবাজার |
| ৪০ | রোহিঙ্গা সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার জানান, মিয়ানমার হতে অনুপ্রবেশকারী রোহিঙ্গারা অত্র উপজেলার ইউনিয়ন পরিষদসমূহ হতে নাগরিকত্ব সনদ, হোল্ডিং নং, জন্ম নিবন্ধন সনদ সংগ্রহ করার সম্ভাবনা রয়েছে। তাই জন্মনিবন্ধন ও অন্যান্য সনদ প্রদানের ক্ষেত্রে ইউপি চেয়ারম্যানদের সতর্ক থাকার অনুরোধ জানান। সভাপতি জানান, রোহিঙ্গারা যাতে স্থানীয় বাংলাদেশীদের সাথে বিবাহে জড়িয়ে পড়তে না পারে এবং তাদেরকে বাসা ভাড়া না দেয়ার জন্য স্ব-স্ব এলাকায় কর্মরত দফাদার মহল্লাদার এবং ইউনিয়ন পরিষদ সদস্য/সদস্যা ও চেয়ারম্যানদেরকে সজাগ দৃষ্টি রাখার অনুরোধ জানান। এলাকায় কোন রোহিঙ্গা পরিচয় গোপন রেখে অবস্থান করলে এবং নাগরিকত্ব ও এনআইডি কার্ড সংগ্রহ করার ব্যাপারে কোন তথ্য প্রমাণ/সন্ধান থাকলে বিষয়টি তাৎক্ষণিক অফিসার ইনচার্জ, রামু থানাকে অবহিত করার জন্য অনুরোধ জানান।<br>অফিসার ইনচার্জ, রামু থানা, উপজেলা নির্বাচন কর্মকর্তা, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও ইউপি সচিবগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। চেয়ারম্যান/সচিব/ উদ্যোক্তা, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>৩। উপজেলা নির্বাচন কর্মকর্তা, রামু<br>৪। অফিসার ইনচার্জ, রামু থানা |
| ৪১ | উপজেলা পরিষদের জায়গায় দোকান বরাদ্দ প্রদান সংক্রান্ত আলোচনা | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা পরিষদ দোকান বরাদ্দ কমিটি জানান, উপজেলা পরিষদের জায়গায় কিছু সংখ্যক অবৈধ দখলদার রয়েছে। তাদের উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি)-কে অনুরোধ জানান। তিনি জানান, উপজেলা পরিষদের জায়গায় অবৈধ দখলদার উচ্ছেদপূর্বক দোকান নির্মাণ শুরু করা হবে। সভায় এব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।<br>সহকারী কমিশনার (ভূমি) ও সংশ্লিষ্ট দোকান বরাদ্দ কমিটি, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ০১। সংশ্লিষ্ট দোকান বরাদ্দ কমিটি, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার<br>০২। সভাপতি, উপজেলা পরিষদ জামে মসজিদ |
| ৪২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ এবং ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদ্‌যাপন | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ এবং ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উপলক্ষে কেন্দ্রীয় ও জেলা পর্যায়ের অনুষ্ঠান মালার সাথে সঙ্গতি রেখে অত্র উপজেলায় বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হবে। তিনি উক্ত দিবসের সকল কর্মসূচিতে সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারী উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। তিনি ০৭ মার্চ, ১৭ মার্চ ও ২৬ মার্চ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে অত্র উপজেলার ইউনিয়ন পরিষদ সমূহে বিভিন্ন কার্যক্রম গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি আরও জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে জাতীয় দিবস উদ্‌যাপন সংক্রান্ত খাত হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ের বিধান রয়েছে। উক্ত খাত হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মহান স্বাধীনতা ও বিজয় দিবসে উত্তোলনপূর্বক ব্যয় নির্বাহ করতে হবে মর্মে সভায় জানান। এবিষয়ে সভায় একমত পোষণ করা হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব | ০১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>০২। স্ব-স্ব বিভাগীয় প্রধানগণ<br>০৩। উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪৩ | অনুপস্থিত বিভাগসমূহ | সভায় উপজেলা নির্বাহী অফিসার মাসিক সাধারণ সভায় সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। সভায় অনুপস্থিত কর্মকর্তাগণ আগামী সভা হতে প্রতিনিধি ব্যতিত নিয়মিত উপস্থিত থাকবেন।<br>স্ব-স্ব বিভাগের বিভাগীয় প্রধানগণ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। স্ব-স্ব বিভাগীয় প্রধানগণ<br>২। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার |

অত:পর সভাপতি আগামী ২২ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখ সারাদেশে ০১কোটি মানুষকে করোনা ভাইরাসের টিকা দেয়ার যে বৃহৎ পরিকল্পনা সরকার কর্তৃক নেয়া হয়েছে তা বাস্তবায়নে স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং সকল দপ্তর প্রধানদের সহযোগিতা কামনা করেন। তিনি আগামী ০৭ মার্চ, ১৭ মার্চ, ২৫ মার্চ গণহত্যা দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস এবং স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ২০২২ উদ্‌যাপনে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং অত্র উপজেলার সকল দপ্তর প্রধানদের সহযোগিতা কামনা করেন। তিনি সরকারের উন্নয়ন কর্মকান্ড অব্যাহত রাখার জন্য এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নে বিভাগীয় প্রধান ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সমন্বয়ের সাথে কাজ করার অনুরোধ জানান।

অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/২/২২

সোহেল সরওয়ার কাজল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
রামু, কক্সবাজার

স্মারক নং: ০৫.২০.২২১৬.২২৬৬.০৪.০৫.২২- ১৯৯ তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৬, কক্সবাজার -৩ ও উপদেষ্টা, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, রামু, কক্সবাজার।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
{দৃষ্টি আকষর্ণ: সিনিয়র সহকারী সচিব, উপজেলা- ১ শাখা}
৩। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১২০৭।
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

৮। সিভিল সার্জন, কক্সবাজার/নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/পানি উন্নয়ন বোর্ড/এলজিইডি/ উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা/উপ-পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স/কক্সবাজার বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বিভাগীয় বন কর্মকর্তা, উত্তর/দক্ষিণ/জেনারেল ম্যানেজার, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, কক্সবাজার/সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কক্সবাজার।
৯। ..........................................................................................................................................।
১০-১১। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার।
১২। উপজেলা..............................................................কর্মকর্তা (সকল), রামু, কক্সবাজার।
১৩। চেয়ারম্যান.........................................................ইউনিয়ন পরিষদ (সকল), রামু, কক্সবাজার।
১৪। জনাব.................................................................................................।
১৫। অফিস কপি।

২৪-০২-২২
উপজেলা নির্বাহী অফিসার
রামু, কক্সবাজার

পরিশিষ্ট-ক, স্বাক্ষরের ক্রমানুসারে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) তারিখ : ২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

০১। জনাব প্রণয় চাকমা, উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার

০২। আফসানা জেসমিন পপি, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার

০৩। জনাব সালাহ উদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার

০৪। জনাব মোঃ নূরে আলম মজুমদার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রামু, কক্সবাজার

০৫। খেদেসতা বেগম রীনা, চেয়ারম্যান, দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার

০৬। জনাব এম.ভি শাহ আলম, চেয়ারম্যান, রশিদ নগর ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার

০৭। জনাব কামাল সামশুদ্দিন আহমদ প্রিন্স, চেয়ারম্যান, জোয়ারিয়ানালা ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার

০৮। জনাব মুফিজুর রহমান, চেয়ারম্যান, রাজারকুল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার

০৯। জনাব শামশুল আলম, চেয়ারম্যান, কাউয়ারখোপ ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার

১০। জনাব কামাল উদ্দিন, এম.ইউ.পি, ফতেখাঁরকুল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার

১১। জনাব মুজিবুর রহমান চৌধুরী, চেয়ারম্যান, গর্জনিয়া ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার

১২। ডাঃ শাহজাদা মোহাম্মদ জুলকারনাইন, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, রামু, কক্সবাজার

১৩। জনাব নন্দী গোপাল রায়, ব্যবস্থাপক, রামু রাবার বাগান, কক্সবাজার

১৪। জনাব আওয়াইমং চাক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রামু, কক্সবাজার

১৫। জনাব ক্যাছাইমং চাক, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রামু, কক্সবাজার

১৬। জনাব মোঃ বিদ্যুৎ হোসেন, উপসহকারী প্রকৌশলী, রামু বিদ্যুৎ সরবরাহ

১৭। জনাব আবুল কালাম, উপজেলা সমবায় কর্মকর্তা, রামু, কক্সবাজার

১৮। জনাব মোঃ মামুনুর রশিদ, উপজেলা মৎস্য কর্মকর্তা, রামু, কক্সবাজার

১৯। জনাব সোমেন বড়ুয়া, স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, রামু, কক্সবাজার

২০। উম্মে সুরাইয়া আমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রামু, কক্সবাজার

২১। জনাব ফরহাদ হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রামু, কক্সবাজার

২২। জনাব মঞ্জুর হাছান ভুইয়া, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রামু, কক্সবাজার

২৩। জনাব আবু মোঃ ইসমাইল নোমান, চেয়ারম্যান, কচ্ছপিয়া ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার

২৪। জনাব সুমন আলী, ইউডিএফ, রামু, কক্সবাজার

২৫। জনাব আবদুল হক, চেয়ারম্যান, খুনিয়াপালং ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার

২৬। জনাব সুলতান আহমদ, রেঞ্জ কর্মকর্তা, জোয়ারিয়ানালা রেঞ্জ, রামু, কক্সবাজার

২৭। ছেন রাখাইন, তথ্যকেন্দ্র, তথ্য আপা প্রকল্প, রামু, কক্সবাজার

২৪-০২-২২